

স্মারক নং-ইআবি/একা/কা,ভর্তি/২০১৬/১১৪৯

তারিখঃ ২৩/০২/২০১৬ইং

**২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ২ বৎসর মেয়াদী কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ১ম পর্বে ভর্তি বিজ্ঞপ্তি**

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত ফায়িল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) মাদরাসা প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার অধীনে ফায়িল (স্নাতক) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০১২, ২০১৩ ও ২০১৪- এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে (২ বৎসর মেয়াদী) ১ম পর্বে ভর্তি ও নাম রেজিস্ট্রেশনের জন্য নিম্নবর্ণিত তফশিল অনুযায়ী রেজিস্ট্রেশন ফি'সহ অন্যান্য ফি' জমা দিতে হবে।

এ ছাড়াও একটি বিষয়ে কামিল (স্নাতকোত্তর) ডিগ্রী অর্জন করার পর অন্য যে কোন বিষয়ে পুনরায় ভর্তি হয়ে কামিল (স্নাতকোত্তর) ডিগ্রী অর্জন করতে পারবে। কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা- ২০১১, ২০১২ ও ২০১৩ এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে (২ বৎসর মেয়াদী) ১ম পর্বে অন্য যে কোন বিষয়ে নিয়মিত ছাত্র-ছাত্রী হিসেবে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন করতে পারবে।

**ভর্তি ও রেজিস্ট্রেশনের নিয়মাবলী****১। ভর্তি সংক্রান্ত সময়সূচী:**

ক) বিলম্ব ফি' ছাড়া ভর্তি ১৩/০৩/২০১৬ইং তারিখ হতে ১২/০৪/২০১৬ইং তারিখ পর্যন্ত।

খ) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' (নিম্নের বর্ণনানুযায়ী অনলাইনে/টি.টি. -এর মাধ্যমে) জমা দেয়ার শেষ তারিখ ১৩/০৪/২০১৬ইং।

গ) বিলম্ব ফি' সহ ভর্তি ১৩/০৪/২০১৬ইং তারিখ হতে ০৩/০৫/২০১৬ইং তারিখ পর্যন্ত।

ঘ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' (নিম্নের বর্ণনানুযায়ী অনলাইনে/টি.টি. -এর মাধ্যমে) জমা দেয়ার শেষ তারিখ ০৮/০৫/২০১৬ইং।

উল্লেখ্য, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় ফি' অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লিমিটেড, সাত মসজিদ রোড শাখা, ধানমন্ডি, ঢাকা -এর চলতি হিসাব নং- (STD) ০২০০০০৪৩৮৩৩৬৫ এ (যে সমস্ত ব্যাংকে অনলাইন ব্যাংকিং ব্যবস্থা নেই সে সমস্ত জায়গার মাদরাসারাসমূহ রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা -এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিমিটেড -এর যে কোন শাখা হতে আদায়যোগ্য টি.টি. -এর মাধ্যমে) জমা দিতে হবে।

**২। নিম্নরূপে গঠিত কমিটি স্থানীয়ভাবে ভর্তি কার্যাদি সম্পন্ন করবে:****কমিটি :**

- ১) সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ - আহবায়ক
- ২) একজন শিক্ষক প্রতিনিধি (এডহক কমিটি/গভর্ণিং বডির সদস্য এবং সরকারী মাদরাসার ক্ষেত্রে একজন শিক্ষক সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষ কর্তৃক মনোনীত) - সদস্য
- ৩) কামিল পর্যায়ের একজন শিক্ষক (প্রভাষক/সহকারী অধ্যাপক সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত) - সদস্য

৩। ফায়িল (স্নাতক) পাশের নম্বরপত্র ও মাদরাসা প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। তবে ফায়িল (স্নাতক) পরীক্ষা-২০১৪ এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের টেলিফোন শীটের (সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) কপি দিয়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ১ম পর্বে ভর্তি করা যাবে। পরবর্তীতে যখন ফায়িল (স্নাতক) পাশের নম্বরপত্র পাওয়া যাবে তা সংশ্লিষ্ট মাদরাসাকে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

**৪। অনলাইন ব্যাংকিং/টি.টি. -এর মাধ্যমে ফি' জমার রশিদ ও Tot List সহ আনুষঙ্গিক কাগজপত্র জমা দেয়া সংক্রান্ত তথ্য:**

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ১ম পর্বে ছাত্র-ছাত্রী ভর্তির পর সংশ্লিষ্ট মাদরাসার প্রধান/প্রতিনিধিকে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তারিখ ও বিভাগ অনুযায়ী অফিস চলাকালীন সময়ে অনলাইন ব্যাংকিং/টি.টি. -এর মাধ্যমে ফি' জমার রশিদ ও Tot List সহ আনুষঙ্গিক কাগজপত্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা অফিসে জমা দিতে হবে।

বিভাগ	ভর্তি ফি' প্রদানের রশিদ ও Tot list সহ আনুষঙ্গিক কাগজপত্র জমা দেয়ার তারিখ	ভর্তি ফি' প্রদানের রশিদ ও Tot list সহ আনুষঙ্গিক কাগজপত্র জমা দেয়ার স্থান
ঢাকা বিভাগ	১১/০৫/২০১৬ হতে ১২/০৫/২০১৬	রেজিস্ট্রারের কার্যালয় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী অফিস বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, সড়ক নং- ০৩, পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ময়মনসিংহ বিভাগ	১১/০৫/২০১৬ হতে ১২/০৫/২০১৬	
চট্টগ্রাম বিভাগ	১৫/০৫/২০১৬ হতে ১৬/০৫/২০১৬	
রাজশাহী বিভাগ	১৭/০৫/২০১৬ হতে ১৮/০৫/২০১৬	
খুলনা বিভাগ	১৯/০৫/২০১৬ হতে ২২/০৫/২০১৬	
বরিশাল বিভাগ	২৪/০৫/২০১৬ হতে ২৫/০৫/২০১৬	
রংপুর বিভাগ	২৪/০৫/২০১৬ হতে ২৫/০৫/২০১৬	
সিলেট বিভাগ	২৪/০৫/২০১৬ হতে ২৫/০৫/২০১৬	

৫। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর তথ্যাবলী ওয়েব সাইট (অনলাইন) এর মাধ্যমে নির্ধারিত ছকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আই.সি.টি. শাখায় প্রেরণ করার বিষয়টি বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে জানানো হবে।

৬। (ক) নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষর নিয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে। ছাত্র-ছাত্রী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে এ মর্মে একটি অঙ্গীকারনামা নিতে হবে যে, “আমি ভালভাবে বুঝে শুনেই এই মাদরাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এই মাদরাসা পরিবর্তন করে অন্য কোন প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন করবো না”।

(খ) কামিল (স্নাতকোত্তর) শ্রেণীর ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন ফি'-এর হার (ছাত্র/ছাত্রী প্রতি):

বিলম্ব ফি' ছাড়া

শ্রেণী	রেজিঃ ফি'	ভর্তি ফি'	ক্রীড়া ফি'	রোভার স্কাউটস/বি.এন.সি.সি ফি'
কামিল	৩০০/=	৩০০/=	৫০/=	২৫/=

বিলম্ব ফি' সহ

শ্রেণী	বিলম্ব রেজিঃ ফি'	বিলম্ব ভর্তি ফি'	ক্রীড়া ফি'	রোভার স্কাউটস/বি.এন.সি.সি ফি'
কামিল	৪০০/=	৪০০/=	৫০/=	২৫/=

(গ) ভর্তি ফি', বিলম্ব ভর্তি ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' (প্রতি ছাত্র-ছাত্রী বিলম্ব ফি' ছাড়া ৫০০/= টাকা এবং বিলম্ব ফি'সহ ৬৫০/= টাকা হারে) অনলাইন ব্যাংকিং -এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লিমিটেড, সাত মসজিদ রোড শাখা, ধানমন্ডি, ঢাকা -এর চলতি হিসাব নং- (STD) ০২০০০০৪৩৮৩৩৬৫- এ (যে সমস্ত ব্যাংকে অনলাইন ব্যাংকিং ব্যবস্থা নেই সে সমস্ত জায়গার মাদরাসাসমূহ রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা -এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিমিটেড -এর যে কোন শাখা হতে আদায়যোগ্য টি.টি -এর মাধ্যমে) জমা দেওয়ার রশিদ ও Tot List সহ আনুষঙ্গিক কাগজপত্র ক্রমিক নং-৫ অনুযায়ী জমা দিতে হবে। ডাকযোগে প্রেরিত (অনলাইন ব্যাংকিং/টি.টি -এর মাধ্যমে) ফি' জমার রশিদ ও Tot List গ্রহণ করা হবে না।

(ঘ) যে সকল ছাত্র-ছাত্রী বিলম্বে ভর্তি হয়েছে তাদের নাম তালিকার মধ্যে লাল কালিতে চিহ্নিত করতে হবে।

(ঙ) নতুন অনুমতি প্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে অনুমতি পত্রের সত্যায়িত ফটোকপি তালিকার সঙ্গে সংযুক্ত করতে হবে।

(চ) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা -এর অনুকূলে অগ্রণী ব্যাংকের (অনলাইন ব্যাংকিং/টি.টি -এর মাধ্যমে) ফি' জমার রশিদ ছাড়া অন্য কোন ব্যাংকের (অনলাইন ব্যাংকিং/টি.টি -এর মাধ্যমে) ফি' জমার রশিদ গ্রহণ করা হবে না। (অনলাইন ব্যাংকিং/টি.টি -এর মাধ্যমে) ফি' জমার রশিদ এর অপর পৃষ্ঠায় মাদরাসা প্রধানের সীল ও স্বাক্ষর থাকতে হবে।


(ছ) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি (টুপি/ওড়না পরিহিত) রঙিন ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।

৭। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ১ম পর্বে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ ১০/০৫/২০১৬ইং তারিখ থেকে শুরু হবে।

৮। ছাত্র-ছাত্রীদের সকল তথ্য দাখিল পরীক্ষার অনুরূপ হতে হবে।

কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও পরীক্ষা সংক্রান্ত অর্ডিন্যান্স অনুযায়ী এবং বিশ্ববিদ্যালয়ে প্রণীত কারিকুলাম অনুযায়ী পরিচালিত হবে।

বিঃদ্র: এ বিজ্ঞপ্তি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.iau.edu.bd](http://www.iau.edu.bd) এ পাওয়া যাবে।

  
 - ২৬/০২/২০১৬  
 (মোঃ রোশন খান)  
 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
 ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।